

# জাবির চার দপ্তরে নতুন মুখ

জাবি সংবাদদাতা

প্রকাশিত: ১৯:৫০, ১০ অক্টোবর ২০২৪



জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) গুরুত্বপূর্ণ চারটি দপ্তরে নতুন পরিচালক নিয়োগ দেয়া হয়েছে। বুধবার (৯ অক্টোবর) রাতে ভারপ্রাপ্ত রেজিস্ট্রার এ বি এম আজিজুর রহমান স্বাক্ষরিত পৃথক অফিস আদেশ থেকে এ তথ্য জানা যায়।

UNIBOTS

অফিস আদেশ থেকে জানা যায়, ইনস্টিটিউশনাল কোয়ালিটি এ্যাসুরেন্স সেল (আইকিউএসি)-এর পরিচালক অধ্যাপক সৈয়দ হাফিজুর রহমানের স্থলে ফার্মেসী বিভাগের অধ্যাপক সোহেল রানা, শিক্ষার্থী কল্যাণ ও পরামর্শদান কেন্দ্রের পরিচালক অধ্যাপক লায়েক সাজ্জাদ এন্ডেল্লাহর স্থলে পরিবেশ বিজ্ঞান বিভাগের অধ্যাপক জামাল উদ্দীন, ওয়াজেদ মিয়া বিজ্ঞান গবেষণা কেন্দ্রের পরিচালক অধ্যাপক কৌশিক সাহার স্থলে প্রাণিবিদ্যা বিভাগের অধ্যাপক মনোয়ার

হোসেন এবং বিশ্ববিদ্যালয় গ্রন্থাগারের ভারপ্রাপ্ত শিক্ষক অধ্যাপক এম শামীম কায়সারের স্থলে সিএসই বিভাগের অধ্যাপক আবু সাঈদ মো. মোস্তাফিজুর রহমানকে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত ভারপ্রাপ্ত শিক্ষক হিসেবে নিয়োগ প্রদান করা হয়েছে।

অফিস আদেশে উল্লেখ করা হয়, দফতরগুলোর সাবেক পরিচালকের অব্যাহতির অনুরোধের প্রেক্ষিতেই এই নিয়োগ দেয়া হয়েছে।

এছাড়া অফিস আদেশে বলা হয়, যোগদানের তারিখ থেকে নিয়োগ কার্যকর হবে। এছাড়া স্ব স্ব দপ্তরের পরিচালকরা প্রচলিত নিয়মে উক্ত পদের ভাতা ও সুযোগ-সুবিধা পাবেন।

---

এসআর